

এটিও জানে যে, ভালো পড়াশোনা করলে বা পরীক্ষায় ভালো ফল করলে তবেই সে গুবুঝ পাবে। আর সেজন্য শিক্ষার্থী শিখনে উৎসাহিত হয়। এভাবেই আয়প্রতিষ্ঠার চাহিদা শিক্ষার্থীর মধ্যে প্রেমা সঞ্চার করে শিখনে সাহায্য করে।

যাই হোক, উপরিউক্ত আলোচনা থেকে এটাই বলা যায় যে, বিভিন্ন ধরনের উদ্বোধক শিক্ষার্থীদের মধ্যে উপযুক্ত প্রেমা সঞ্চার করে এবং তার দ্বারা শিখন হয়। যদিও বা শুধুমাত্র বাহ্যিক উদ্বোধক অনেক সময় প্রেমা সঞ্চার করতে পারে না, প্রেমা সঞ্চারের জন্য তাই আভ্যন্তরীণ উদ্যম বা উদ্বোধকেরও প্রয়োজন। আর সেজন্যই আমরা বলতে পারি যে শিখন প্রেমা ও উদ্বোধকের পারস্পর্য।

## ২. অপারেট অনুবর্তন বলতে কি বোঝ?

**উত্তর** অপারেট অনুবর্তন বা সক্রিয় অনুবর্তনের প্রবক্তা হলেন আমেরিকান মনোবিদ বি. এফ. স্কিনার (B.F. Skinner) তাঁর মতে প্রাণীর আচরণ পরিবর্তনের মূল উৎস খুঁজে পেতে হলে উদ্দীপক প্রতিক্রিয়ার সংযোজকের প্রকৃতি অনুশীলন করতে হবে। স্কিনার বলেন প্রাণীর আচরণ দুটি ভাগে বিভক্ত, যথা—

১. রেসপন্ডেন্ট : যে আচরণগুলির উদ্দীপক পরিস্থিতি সম্পর্কে আমাদের পূর্বেই ধারণা আছে, অর্থাৎ যে সমস্ত আচরণকে নির্দিষ্ট বস্তু ধর্মী উদ্দীপকের সঙ্গে সংযুক্ত করা যায়।

২. অপারেট : যে আচরণগুলি স্বতঃস্ফূর্ত, অর্থাৎ কোন নির্দিষ্ট উদ্দীপক দ্বারা পরিচালিত হয়। স্কিনারের মতে, শিখনের সময় নিজের ইচ্ছিত লক্ষ্যে পৌঁছবার জন্য প্রাণী পরিবেশের মধ্যে সক্রিয় হয়ে ওঠে এবং এই সক্রিয়তার মধ্য থেকে একটি আচরণ স্বতঃস্ফূর্তভাবে বেরিয়ে আসে। তাই একে বলা হয় অপারেট বা সক্রিয় অনুবর্তন।

## ৩. মনোযোগ ও আগ্রহের সম্পর্ক আলোচনা কর।

**উত্তর** মনোযোগ ও আগ্রহ একে অপরের সঙ্গে ঘনিষ্ঠ সম্বন্ধে আবদ্ধ। তাই অনেক মনোবিদ মনে করেন, Attention and Interest is two side of a coin. মনোযোগের সবথেকে গুরুত্বপূর্ণ শর্ত হল আগ্রহ। মনোবিদ ড্রেভার মনে করেন— আগ্রহ হল গতিশীল মনোভাব। অর্থাৎ বিষয়বস্তুর প্রতি আগ্রহের কারণে ব্যক্তি তাঁর প্রতি মনোযোগী হয়।

মনোবিদ ম্যাকডুগালের মতে, "Interest is latent attention and attention is interest in action." অর্থাৎ, আগ্রহ হল সুপ্ত মনোযোগ আর মনোযোগ হল সক্রিয় আগ্রহ।